



# ইন্টেল কমপিউট স্টিক

কাজী শামীম আহমেদ

মাইক্রোচিপ তথা কমপিউটার ডিভাইস নির্মাতা সুনামধন্য প্রতিষ্ঠান ইন্টেল অতি সম্প্রতি বাজারে নিয়ে এসেছে ব্যতিক্রমধর্মী ডিভাইস কমপিউটার স্টিক। মেমরি স্টিকের সাথে আমরা বহুল পরিচিত হলেও কমপিউটার স্টিক আমাদেরকে কাছে একেবারেই নতুন একটি ডিভাইস। মেমরি স্টিক শুধু আমাদের বিভিন্ন ফাইল ধারণ ও তা সংরক্ষণ করতে পারে, কিন্তু কমপিউটার স্টিক একটি পরিপূর্ণ পার্সোনাল কমপিউটার, যা আপনি কিনতে পারেন মাত্র ১৫০ মার্কিন ডলারে অর্থাৎ বাংলাদেশি টাকায় প্রায় ১২ হাজার টাকায়। কমপিউটার স্টিককে আপনি বর্তমান সময়ে ব্যবহৃত উন্নতমানের মনিটর বা হাই-ডেফিনিশন টেলিভিশনের (HDTV) ফ্রি পোর্টে প্ল্যাগ-ইন করতে পারেন।

বাজারে আসতে না আসতেই কমপিউটার স্টিকের ব্যাপক চাহিদা লক্ষ করা গেছে এবং অনলাইনে বিভিন্ন ফোরামে এ নিয়ে উৎসাহী ব্যক্তিদের আগ্রহ এবং মতামতের বন্যা বইছে। এরই মধ্যে অনেকেই ডিভাইসটি ক্রয়ের বিষয়ে তাদের সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছেন।

কমপিউটার স্টিকের প্রথম ভার্সনে থাকছে কোয়াড-কোর ইন্টেল এটোম Z3735F প্রসেসর, ২ গিগাবাইট র‍্যাম এবং ৩২ গিগাবাইট ফ্ল্যাশ স্টোরেজ। এটি পরিচালিত হবে উইন্ডোজ ৮.১ অপারেটিং সিস্টেম দিয়ে, যা প্রি-লোডেড অবস্থায় স্টিকে পাওয়া যাবে। এটি আকারে হবে ০.৫ বাই ১.৫ ইঞ্চি এবং ওজনে মাত্র ১.৯ আউন্স। নিঃসন্দেহে এ ডিভাইসটি অন্যান্য যে কোন পোর্টেবল ডিভাইসের তুলনায় আপনি স্বাচ্ছন্দ্যে বহন করতে পারবেন।

এখানে বলে রাখা ভালো যে কমপিউটার স্টিক কিন্তু উইন্ডোজ টু গো (WTG) ড্রাইভ থেকে আলাদা। কমপিউটার স্টিকের জন্য কোন হোস্ট পিসি'র প্রয়োজন হয় না। মনিটর বা টিভি'র এইচডিএমআই (HDMI) পোর্টে এটি প্ল্যাগ ইন করলেই এটি একটি পূর্ণাঙ্গ পিসি হিসেবে কাজ করবে। কমপিউটার স্টিকে আরো রয়েছে 802.11b/g/n স্ট্যান্ডার্ড এর ওয়াই-ফাই, ব্লুটুথ এবং এক্সপানশনের জন্য মাইক্রোএসডি (microSD) কার্ড স্লট সুবিধা। প্রয়োজনে আপনি

উইন্ডোজ ১০ অপারেটিং এতে ইনস্টল করে একে আপগ্রেড করতে পারেন।

কমপিউট স্টিকে এক পাশে রয়েছে একটি মাইক্রো ইউএসবি (microUSB) পোর্ট, যা একটি স্ট্যান্ডার্ড ইউএসবি ক্যাবল ব্যবহার করে পাওয়ার সোর্সের সাথে যুক্ত করা যেতে পারে। এতে একটি পূর্ণাঙ্গ আকারের ইউএসবি পোর্ট রয়েছে, যা আপনি এর সাথে কম্পাটিবল এমন যে কোন পেরিফেরাল ডিভাইসের সাথে যুক্ত করার জন্য অনায়াসে ব্যবহার করতে পারেন। এতে আরো রয়েছে একটি পাওয়ার বাটন, যা সাচারচার এনড্রয়েড ডিভাইসে দেখা যায় না। ইউএসবি পোর্ট ছাড়াও কমপিউটার স্টিক অন্যান্য বহুল ব্যবহৃত



বিভিন্ন আকর্ষণীয় ফিচার ও সুবিধাসহ ইন্টেল কমপিউট স্টিক

পেরিফেরাল যেমন কী-বোর্ড ও মাউসের সাথে ব্লুটুথ রেডিও সিগন্যালের মাধ্যমে যুক্ত হতে পারে। এটি ইন্টারনেট এবং হোম নেটওয়ার্কে যুক্ত হওয়ার জন্য ব্যবহার করবে 802.11n ওয়াই-ফাই প্রোটোকল।

এখন পর্যন্ত এটি বহনযোগ্য সবচেয়ে ছোট কমপিউটার এবং এর সেটআপ প্রক্রিয়াও অনেক সহজ। এতে আপনি পূর্ণ কনফিগারেশনসহ উইন্ডোজ ৮.১ অপারেটিং সিস্টেম রান করাতে পারেন। এছাড়া ইন্টেল কমপিউটার স্টিককে আপনি একটি চমৎকার এইচডিটিভি স্ট্রিমার হিসেবে ব্যবহার করতে পারেন।

বাজারে এখন হাতেগোনা কয়েকটি ডিভাইস রয়েছে, যারা টিভি'র সাথে কনটেন্ট বিনিময় করতে পারে। এদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে এমাজনের তৈরি ফায়ার স্টিক এবং গুগলের ক্রমকাস্ট। এদের চাইতে আরেকটু বেশি শক্তিশালী ডিভাইস হচ্ছে রকু। এসব ডিভাইসের চাইতে ইন্টেলের কমপিউটার স্টিক ভিন্নতর।

তার কারণ হচ্ছে কমপিউটার স্টিক মূলত উইন্ডোজ ৮.১ দিয়ে চালিত একটি পূর্ণাঙ্গ পার্সোনাল কমপিউটার বা পিসি, যদিও একে খুব শক্তিশালী পিসি হিসেবে বিবেচনা করা যাবে না। তবে ইন্টেলের কমপিউটার স্টিকের মাধ্যমে আপনি ওয়েব ব্রাউজিং, চ্যাটিং, ই-মেইলিং, সিনেমা দেখা, গান শোনা, এপ্লিকেশন ডাউনলোড ও ইনস্টল করা ইত্যাদি কাজগুলো অনায়াসে করতে পারেন।

ইন্টেলের কমপিউট স্টিক নামের এই চমকপ্রদ ডিভাইসটি বুটআপ হওয়া পর এটি স্বাভাবিক নিয়মে উইন্ডোজ ৮.১ সেটআপের বিভিন্ন পর্যায়ে অতিক্রম করবে। এ সময়ে উইন্ডোজ আপনার বিভিন্ন তথ্য ও পছন্দ জানতে চাইবে এবং সেগুলো সিস্টেমে এন্ট্রি দিতে হবে। এ কাজগুলো শেষ হওয়ার পর পরই আপনি পৌঁছে যাচ্ছেন কমপিউট স্টিকের ডেস্কটপে। এ সময়ে

আপনার মনে হবে আপনি একটি স্বাভাবিক পিসি ব্যবহার করছেন। আপনি খুব অবাধ হবেন এই ভেবে যে আপনি অতি ক্ষুদ্র একটি কমপিউটার নিয়ে নাড়াচাড়া করছেন। কমপিউটার স্টিকে যদি আপনি WINDOWS UPDATES

ইনস্টল করেন তাহলে এতে ইন্টারনেট থেকে বিভিন্ন ধরনের এপ্লিকেশন যেমন গুগল ক্রোম, স্কাইপ, টিমভিউয়ার, ভিএলসি, স্ট্রিম ইত্যাদি ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন।

বাস্তব অভিজ্ঞতায় দেখা গেছে হোম স্ট্রিমিং এবং ভিডিও গেমিং এর ক্ষেত্রে ইন্টেল কমপিউট স্টিক সমগোত্রীয় অন্যান্য যে কোন ডিভাইসের তুলনায় অধিক দক্ষতা ও স্বাচ্ছন্দ্যের সাথে কাজ

করে। পার্সোনাল কমপিউটার যারা স্বল্প বিস্তারে কাজ করে থাকেন, তাদের জন্য কমপিউট স্টিক বিকল্প এবং ব্যয় সাশ্রয়ী আকর্ষণীয় একটি সমাধান হিসেবে বিবেচিত হতে পারে। যারা ভিডিও গেমের ভক্ত তারা সহজে বহনযোগ্য হালকা এ ডিভাইসি একটি উত্তম স্ট্রিমিং গেজেট হিসেবে লুফে নিতে পারেন।

ইন্টেলের কমপিউটার স্টিকের মতো পোর্টেবল ডিভাইসের ব্যাপক সম্ভাবনা রয়েছে আগামী দিনগুলোতে। সেদিন খুব বেশি দূরে নেই যেদিন অনেকেই তাদের পিসি বা ল্যাপটপের বিকল্প হিসেবে কমপিউট স্টিকের মতো পোর্টেবল ডিভাইসগুলোকে বেছে নিবেন এবং এগুলোর দ্বারা দৈনন্দিন কমপিউটিং সংক্রান্ত কাজগুলো তারা সেরে নিবেন।

ফিডব্যাক : [shamim967@hotmail.com](mailto:shamim967@hotmail.com)